**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 10/20/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

# গভর্নর হোচুল 47-টি নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল, ওয়াটার ট্রিটমেন্ট সুবিধাগুলিতে সোলার এবং এনার্জি স্টোরেজ সিস্টেমের জন্য চুক্তি ঘোষণা করেছেন

***কার্বন নির্গমন কমানোর জন্য 25 মেগাওয়াটের বেশি সোলার অ্যারে তৈরি করার এবং সর্বোচ্চ বিদ্যুৎ চাহিদার সময় ব্যবহারের জন্য শক্তি সঞ্চয় করার প্রকল্পসমূহ***

***নতুন স্কুলের সোলার সিস্টেমগুলি নিউ ইয়র্ক স্টেট এবং সিটি ক্লিন এনার্জি লক্ষ্যগুলি অগ্রসর করবে***

গভর্নর ক্যাথি হোচুল আজ বিদ্যুৎ ক্রয় চুক্তি (power purchase agreements, PPA) স্বাক্ষর করার ঘোষণা করেছেন যা নিউ ইয়র্ক সিটির 47-টি পাবলিক স্কুল এবং বেশ কয়েকটি ওয়াটার ট্রিটমেন্ট ফেসিলিটিতে সোলার অ্যারে স্থাপনের পরিকল্পনা অগ্রসর করবে এবং 2022 সালের শুরুতে নির্মাণ কাজ শুরু করার পথ সুগম করবে। নিউ ইয়র্ক পাওয়ার অথরিটি (New York Power Authority, NYPA) এবং নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব সিটিওয়াইড অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিসেসের (New York City Department of Citywide Administrative Services, DCAS) যৌথ প্রকল্প ছাদের সৌর অ্যারে থেকে 25 মেগাওয়াটের (Megawatts, MW) বেশি বিদ্যুৎ উৎপাদন করবে এবং 6.6 মেগাওয়াট পর্যন্ত শক্তি সঞ্চয়ের ব্যবস্থা করবে। পোর্টফোলিও 2019 সালের জলবায়ু নেতৃত্ব এবং কমিউনিটি সুরক্ষা আইনে (জলবায়ু আইন) বর্ণিত নিউ ইয়র্ক রাজ্যের পরিচ্ছন্ন শক্তির লক্ষ্যকে অগ্রসর করবে এবং শহরের মালিকানাধীন সম্পত্তিগুলিতে 100 মেগাওয়াট সৌর PV সিস্টেম বাস্তবায়নের নিউ ইয়র্ক সিটির লক্ষ্যের 25 শতাংশের বেশি অর্জন করতে সহায়তা করবে 2025 সালের মধ্যে শহরব্যাপী নির্গমন 80 শতাংশ কমিয়ে আনার অঙ্গীকারের অংশ হিসেবে।

"চরম আবহাওয়ার ঘটনাগুলি ফ্রিকোয়েন্সি বৃদ্ধির সাথে সাথে, নিউ ইয়র্ককে জলবায়ু পরিবর্তন মোকাবেলার প্রতিটি সম্ভাব্য সুযোগ গ্রহণ করতে হবে," **বলেন গভর্নর হোচুল।** "সৌর এবং শক্তি সঞ্চয়ের ক্ষেত্রে এই রূপান্তরকারী বিনিয়োগ নিউ ইয়র্ককে আমাদের সাহসী সবুজ শক্তির লক্ষ্য পূরণ করতে এবং একটি পরিষ্কার ভবিষ্যতের পথ তৈরি করতে সহায়তা করবে।"

DCAS এবং NYPA নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন (New York City Department of Education, NYC DOE), ম্যানহাটনে ওয়ার্ডস আইল্যান্ড ওয়েস্টওয়াটার রিসোর্স রিকভারি ফ্যাসিলিটি (Wards Island Wastewater Resource Recovery Facility), এবং নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এনভায়রনমেন্টাল প্রোকটেকশনের (New York City Department of

Environmental Protection, DEP) পরিচালিত অন্যান্য বেশ কিছু ওয়াটার ট্রিটমেন্ট ফ্যাসিলিটির দ্বারা পরিচালিত পাঁচটি বোরো জুড়ে 47-টি পাবলিক স্কুলের ছাদে সোলার অ্যারে স্থাপনের জন্য দুটি সংস্থা নির্বাচন করেছে সাউদার্ন টিয়ারের ডেলাওয়্যার কাউন্টির ওয়েস্টচেস্টারে এবং মিড-হাডসন অঞ্চলের আলস্টার কাউন্টিতে। সৌর অ্যারেগুলি 25 মেগাওয়াটের বেশি সৌর বিদ্যুৎ উৎপন্ন করবে, যা 1,297 NYC বাসস্থানে বিদ্যুৎ প্রদান করার জন্য যথেষ্ট, এবং প্রতি বছর 7,100 মেট্রিক টন $CO_2$ এর সমতুল্য অফসেট করতে সাহায্য করবে, যা শহরের রাস্তা থেকে 1,553-টিরও বেশি গাড়ি অপসারণের সমান। কিছু ফেসিলিটিতে শক্তি সঞ্চয় ব্যবস্থা অন্তর্ভুক্ত থাকবে যা সর্বোচ্চ বিদ্যুৎ চাহিদার সময় ব্যবহারের জন্য শক্তি সঞ্চয় করে।

**NYPA এর ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান জন আর কোয়েলমেল বলেন,** "এই স্কুলের সৌর প্রকল্পটি নিউ ইয়র্ক স্টেট এবং শহর উভয়ের দ্বারা নির্ধারিত উচ্চাভিলাষী পরিচ্ছন্ন শক্তির লক্ষ্যকে অগ্রসর করতে সহায়তা করবে। বিদ্যুৎ কর্তৃপক্ষ আমাদের নিউ ইয়র্ক সিটি এজেন্সিগুলির সাথে কাজ করতে পেরে গর্বিত, বিশেষ করে নিউ ইয়র্ক সিটি স্কুল সিস্টেম জুড়ে কাজ করতে পেরে গর্বিত, সকল নিউ ইয়র্কবাসীদের জন্য একটি আরো পরিচ্ছন্ন, আরো পরিবেশ অনুকূল শক্তির ব্যবস্থা তৈরি করতে। স্কুলের সাথে কাজ করা আমাদেরকে তরুণদের জন্য একটি ভালো উদাহরণ স্থাপন করতে দেয়, যারা, আমরা আশা করি, আগামীকালের টেকসই এবং পরিচ্ছন্ন শক্তির নেতা হবে।"

NYPA ট্রাস্টি বোর্ডের আজকের পদক্ষেপের সাথে, যা সৌর বিকাশকারীদের এবং নিউ ইয়র্ক সিটি, NYPA এর সাথে PPA বাস্তবায়নের অনুমোদন দেয়, শহরের পরিষ্কার শক্তির উপদেষ্টা হিসাবে কাজ করার অনুমোদন পেয়েছে, প্রকল্পগুলি পরিচালনা করার জন্য যাতে তারা বাজেটের মধ্যে এবং সময় মত অগ্রগতি নিশ্চিত করে।

**সিটিওয়াইড প্রশাসনিক পরিষেবাগুলির NYC বিভাগের কমিশনার লিসেট কামিলো বলেন,** "জলবায়ু সংকট কোন দূরবর্তী বিপদ নয় - এটি এখানে এবং এখন ঘটছে। সে কারণেই নিউ ইয়র্ক সিটি শহরের সম্পত্তিগুলিতে 100 মেগাওয়াট সৌর বিদ্যুৎ উৎপাদনের একটি উচ্চাভিলাষী লক্ষ্য নির্ধারণ করেছে। আমরা আজ যে সৌর স্থাপনাগুলো চালু করছি তা আমাদের শহরের সৌর লক্ষ্য অর্জনের এক ধাপ নিকটে নিয়ে এসেছে।"

সৌর এবং শক্তি সঞ্চয় ব্যবস্থা থেকে বিদ্যুৎ উৎপাদনের ক্রয়ের জন্য PPA-গুলি ENGIE নর্থ আমেরিকা (ENGIE North America), আমেরেসকো, ইনকর্পোরেটেড (Ameresco, Inc.) এবং নিউ ইয়র্ক সিটির সাথে রয়েছে। ENGIE NYC DOE সাইটে সৌর PV সিস্টেম ডিজাইন করবে, নির্মাণ করবে, তার মালিকানার স্বত্ত ধারণ করবে এবং পরিচালনা করবে। DEP সাইটে আমেরেস্কো একই কাজ করবে। বিকাশকারীদের 2020 সালে একটি উন্মুক্ত, প্রতিযোগিতামূলক বিডিং প্রক্রিয়ার মাধ্যমে নির্বাচিত করা হয়েছিল। নির্মাণ কাজ 2022 এর প্রথম দিকে শুরু হবে এবং 2022 এবং 2023 সালে পর্যায়ক্রমে সিস্টেমগুলি পরিচালনায় নিয়ে আসা হবে।

এই উদ্যোগ রাজ্যের জলবায়ু আইনের অধীনে অগ্রগতি ত্বরান্বিত করবে, যা দেশের সবচেয়ে উচ্চাভিলাষী নির্গমন-হ্রাস আইন, যা 2030 সালের মধ্যে 10,000 মেগাওয়াট বিতরিত সৌর এবং

3,000 মেগাওয়াট শক্তি সঞ্চয়ের আহ্বান জানায় এবং নিউ ইয়র্কের বিদ্যুতের 70 শতাংশ 2030 সালের মধ্যে নবায়নযোগ্য উৎস থেকে বিদ্যুৎ আসার রাজ্যের আদেশের সমর্থন করে।

অনেকগুলি সাইট নিম্নমানের বাতাসের এলাকায় এবং নিম্ন-মধ্যম আয়ের পরিবারের এলাকায় রয়েছে। জীবাশ্ম জ্বালানী প্লান্টগুলিতে উৎপাদিত বিদ্যুৎ ব্যবহারের প্রয়োজনীয়তা কমিয়ে সৌর অ্যারে বিদ্যুৎ উৎপাদনের জন্য একটি নতুন পরিচ্ছন্ন শক্তির সংস্থান প্রদান করবে। স্কুলের সাইটগুলি পাঁচটি বোরো জুড়ে জাতিগত এবং অর্থনৈতিকভাবে বৈচিত্রপূর্ণ এলাকায় অবস্থিত। সাইটগুলি তাদের ছাদে সৌর প্রযুক্তি স্থাপনের প্রযুক্তিগত কার্যকারিতার ভিত্তিতে বেছে নেওয়া হয়েছিল।

ওয়ার্ডস আইল্যান্ড ফেসিলিটি, যা হারলেম নদী দ্বারা ম্যানহ্যাটান এবং কুইন্স থেকে ইস্ট রিভার দ্বারা পৃথক করা অবস্থিত ওয়ার্ল্ড দ্বীপে অবস্থিত, আটটি ফেসিলিটির কমপ্লেক্স জুড়ে মাটিতে স্থাপিত, কারপোর্ট, ছাদের উপর স্থাপিত এবং এলিভেটেড ক্যানোপি সোলার PV সিস্টেমের সংমিশ্রণ ব্যবহার করবে সৌর PV ক্ষমতার সিংহভাগ - 11 মেগাওয়াট অর্জন করতে। উৎপাদিত বিদ্যুৎ প্লান্টের ভার বহন করবে এবং একটি সম্ভাব্য ব্যাটারি শক্তি সঞ্চয় ব্যবস্থার সর্বোচ্চ শক্তির চাহিদা হ্রাস করবে।

**DOE চ্যান্সেলর মেইশা পোর্টার বলেন,** "নিউ ইয়র্ক সিটির স্কুলগুলি আমাদের তরুণদের পরিবেশগত ব্যবস্থাপনার গুরুত্ব সম্পর্কে টেকসইতার ক্ষেত্রে এবং শিক্ষিত করার পথে নেতৃত্ব দিচ্ছে। এই প্রকল্পটি সমগ্র সম্প্রদায়ের জন্য একটি সবুজ ভবিষ্যত তৈরি করতে সাহায্য করবে, আমাদের কার্বন পদচিহ্ন কমাতে সাহায্য করবে এবং অগণিত শিক্ষার্থীদের আমাদের গ্রহকে রক্ষা করতে সক্রিয় ভূমিকা নিতে অনুপ্রাণিত করবে।"

**DEP কমিশনার ভিনসেন্ট স্যাপিয়েঞ্জা বলেন,** "বহু দশক ধরে DEP নবায়নযোগ্য শক্তি উৎপাদনের জন্য তার পানি এবং বর্জ্য পানির সুবিধাগুলি ব্যবহার করেছে এবং এই প্রকল্পগুলি তাদের পরিষ্কার শক্তির সম্ভাবনাকে সর্বাধিক করার প্রতিশ্রুতির উপর ভিত্তি করে প্রসারিত হয়েছে। DEP এর ক্যাম্পাস-শৈলীর সুবিধাগুলি মেগাওয়াট-স্কেলের সৌর প্রকল্পগুলির জন্য অনন্য এবং প্রধান ভূসম্পত্তি, এবং আমরা আমাদের পুনর্নবীকরণযোগ্য শক্তির পোর্টফোলিও সম্প্রসারণের নতুন উপায় সন্ধান করতে থাকব।"

**সিনেটর কেভিন পার্কার বলেন,** "সোলার অ্যারে এবং ব্যাটারি স্টোরেজ 2030 সালের মধ্যে 10,000 মেগাওয়াট সৌর এবং 3,000 মেগাওয়াট স্টোরেজের জন্য আমাদের লক্ষ্য পূরণ করার উদ্দেশ্যে সাহায্য করার মূল কৌশল। নিউ ইয়র্ক সিটি স্কুলস এবং DEP সাইটগুলির সাথে NYPA এর কর্মসূচি আমাদের আশেপাশের অঞ্চলগুলিকে উপকৃত করবে, আমাদের জীবাশ্ম জ্বালানি বিদ্যুৎ উৎপাদনের উৎসের উপর কম নির্ভর করতে দেবে এবং আমাদের পরিচ্ছন্ন শক্তির অর্থনীতির উদ্দেশ্যে এক ধাপ এগিয়ে নিয়ে যাবে।"

**সংসদ সদস্য মাইকেল কুসিক বলেন,** "আমরা জলবায়ু পরিবর্তন মোকাবেলার জন্য সাহসী লক্ষ্য নির্ধারণ করেছি এবং এটি নিউ ইয়র্ক সিটির স্কুল এবং এজেন্সিগুলির মতো এই ধরনের প্রোগ্রামগুলি, যা আমাদের আমাদের লক্ষে পৌঁছে দেবে। নিউ ইয়র্ক সিটিতে আমাদের সরকারি

ভবনগুলিতে সৌর অ্যারে লাগানো আমাদের সম্প্রদায়, আমাদের বাচ্চাদের এবং আমাদের জলবায়ুর জন্য একটি জয়।"

## নিউ ইয়র্ক স্টেটের রাষ্ট্রের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা (New York State's Nation-Leading Climate Plan)

নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। স্টেট জুড়ে 91 টি বিশাল মাত্রার পুনর্নবায়নযোগ্য প্রোজেক্টে $21 বিলিয়ন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য $6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তি উৎপাদনের মাত্রা বাড়ানোর জন্য $1.8 বিলিয়ন ডলার, স্বচ্ছ পরিবহনের উদ্যোগগুলির জন্য $1 বিলিয়ন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাংকের প্রতি অঙ্গীকারে $1.2 বিলিয়ন ডলারের বেশি সহ, স্বচ্ছ শক্তির উৎপাদনের মাত্রা বাড়ানোর জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের ওপরে ভিত্তি করে এটি আরও প্রসারিত করে। এই বিনিয়োগগুলি সম্মিলিতভাবে 2019 সালে নিউ ইয়র্কে স্বচ্ছ শক্তির ক্ষেত্রে 150,000 এর বেশি চাকরি, 2011 সাল থেকে বণ্টিত সৌরশক্তির ক্ষেত্রে 2,100 শতাংশ বৃদ্ধি এবং 2035 এর মধ্যে স্থলভাগে 9,000 মেগাওয়াট বায়ুশক্তি উৎপাদন করার প্রতি অঙ্গীকারে সহায়তা করছে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov -এ](http://www.governor.ny.gov)
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418